# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৬৪

তারিখ ঃ ১৭ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬২৭ তম কমিশন সভা অদ্য ৩০/০১/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. বসুন্ধরা পেপার মিলস্ লিমিটেড এর প্রায় ২০০ (দুই শত) কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য বুক বিল্ডিং পদ্ধতিতে ২,৬০,৪১,৬৬৭ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যুর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে। ২,৬০,৪১,৬৬৭টি সাধারণ শেয়ারের মধ্যে ১,৫৬,২৫,০০০ টি শেয়ার ৮০ (আশি) টাকা মূল্যে যোগ্য বিনিয়োগকারীর (Eligible Investors) নিকট ইস্যু করা হবে। উল্লেখ্য, যোগ্য বিনিয়োগকারী (Eligible Investors) দ্বারা এক্সচেঞ্জের electronic subscription system এ বিডিং এর মাধ্যমে উক্ত কোম্পানীর শেয়ার প্রতি প্রান্ত (Cut-off) মূল্য ৮০ (আশি) টাকায় নির্ধারিত হয়। বাকি ১,০৪,১৬,৬৬৬ টি সাধারণ শেয়ার ৭২ (বাহাত্তর) টাকা মূল্যে (প্রান্ত মূল্য থেকে ১০% বাট্টায়) সাধারণ নিবিয়োগকারীর (অনিবাসী বাংলাদেশীসহ) নিকট বিক্রয় করা হবে। প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে পুঁজিবাজার থেকে উত্তোলিত অর্থ যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত আর্থিক বিবরণী অনুযায়ী যথাক্রমে শেয়ার প্রতি নেট অ্যাসেট ভ্যালু (রিভ্যালুয়েশনসহ) ৩০.৪৯ টাকা ও শেয়ার প্রতি নেট অ্যাসেট ভ্যালু (রিভ্যালুয়েশন ছাড়া) ১৫.৭৯ টাকা এবং ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় ১.৪৬ টাকা (Weighted average)। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে এএএ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিঃ।

২. বসুন্ধরা পেপার মিল্স লিঃ এর প্রান্ত (cut-off) মূল্যের সমান বা তার বেশি মূল্যে বিডিং এ অংশ গ্রহণকারী যে সব যোগ্য বিনিয়োগকারী (Eligible Investors) এক্সচেঞ্জের চাহিদা অনুযায়ী বিডিং মূল্যের যৌক্তিকতা বিশ্লেষনীসহ যথাযথভাবে দিতে ব্যর্থ হয়েছে, তাদেরকে যোগ্য বিনিয়োগকারীর তালিকা থেকে কেন অযোগ্য ঘোষণা করা হবে না, তার জন্য কারণ দর্শানোর সিদ্ধান্ত নেয়া হয়েছে।

৩. কমিশন বে-মেয়াদী মিউচ্যুয়াল ফান্ড, আইডিএলসি গ্রোথ ফান্ড, এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেছে। মিউচ্যুয়াল ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ৫০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ১০ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৪০ কোটি টাকা, যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড এবং সম্পদ ব্যবস্থাপক আইডিএলসি এ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড। এছাড়া ফান্ডটির ট্রাস্টি হিসেবে কাজ করছে বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড (বিজিআইসি) এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে ব্রাক ব্যাংক লিমিটেড।

৪. জনাব এ, কে, এম, শাহীদ রেজা, উদ্যোক্তা ও পরিচালক মার্কেন্টাইল ব্যাংক লিঃ, ১-৪ জুন ২০১৪ সালে মার্কেন্টাইল ব্যাংক লিঃ এর শেয়ার পূর্ব ঘোষণা ছাড়া ক্রয় এবং বিক্রয় করেন, যা ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ কর্তৃক পরিচালিত তদন্ত প্রতিবেদনে উল্লেখিত হয় এবং কমিশনের যথাযথ এনফোর্সমেন্ট প্রক্রিয়ার মাধ্যমে সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়টি প্রমানিত হয়। পূর্ব ঘোষণা ছাড়া শেয়ার ক্রয়-বিক্রয় কার্যক্রমের মাধ্যমে জনাব এ, কে, এম, শাহীদ রেজা কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48, তাং 14/07/2010 ভঙ্গ করেছেন। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন, মার্কেন্টাইল ব্যাংক লিঃ (ইস্যুয়ার) এর উদ্যোক্তা ও পরিচালক জনাব এ, কে, এম, শাহীদ রেজা কে ৪ (চার) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. কতিপয় সিকিউরিটিজের অস্বাভাবিক দর বৃদ্ধির প্রেক্ষিতে কমিশন কর্তৃক গঠিত তদন্ত কমিটির (কমিশনের আদেশ নং BSEC/Surveillance/2010-0713/772, তারিখঃ 22/12/2016 এবং আদেশ নং BSEC/Surveillance/2010-0713/790, তারিখঃ 14/02/2017) দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখিত হয় যে, হাবিবুর রহমান সিকিউরিটিজ লিঃ (ডিএসই ট্রেক নং ১৮৭) নিম্নে বর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করেছে ঃ


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd

(ক) নগদ হিসাবে মার্জিন ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3 এর Rule 3(1) এবং Rule 3(2) এর লংঘন; এবং

(খ) "Z" ক্যাটাগরির শেয়ারে বিনিয়োগকারীকে মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/169 dated 01/10/2009 লংঘন।

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন হাবিবুর রহমান সিকিউরিটিজ লিঃ কে ১ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. কতিপয় সিকিউরিটিজের অস্বাভাবিক দর বৃদ্ধির প্রেক্ষিতে কমিশন কর্তৃক গঠিত তদন্ত কমিটির (কমিশনের আদেশ নং BSEC/Surveillance/2010-0713/772, তারিখঃ 22/12/2016 এবং আদেশ নং BSEC/Surveillance/2010-0713/790, তারিখঃ 14/02/2017) দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখিত হয় যে, স্টক এন্ড বন্ড লিঃ (ডিএসই ট্রেক নং ১৯৯) নিম্নে বর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করেছে ঃ

(ক) মার্জিন চুক্তি ব্যতীত ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3(1) এবং Rule 3(2) এর লংঘন; এবং

(খ) "Z" ক্যাটাগরির শেয়ারে বিনিয়োগকারীকে মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/169 dated 01/10/2009 লংঘন।

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন স্টক এন্ড বন্ড লিঃ কে ১ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৭. কতিপয় সিকিউরিটিজের অস্বাভাবিক দর বৃদ্ধির প্রেক্ষিতে কমিশন কর্তৃক গঠিত তদন্ত কমিটির (কমিশনের আদেশ নং BSEC/Surveillance/2010-0713/772, তারিখঃ 22/12/2016 এবং আদেশ নং BSEC/Surveillance/2010-0713/790, তারিখঃ 14/02/2017) দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখিত হয় যে, উইফাং সিকিউরিটিজ লিঃ (ডিএসই ট্রেক নং ২১০) নিম্নে বর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করেছে ঃ

(ক) "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে অর্থ সমন্বয় সুবিধা প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং SEC/SRMID/94-231/1640 তাং 31/01/2008 লংঘন; এবং

(খ) "Z" ক্যাটাগরির শেয়ারে বিনিয়োগকারীকে মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/169 dated 01/10/2009 লংঘন।

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন উইফাং সিকিউরিটিজ লিঃ কে ৩ (তিন) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩০/০৭/২০২৪

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।